গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৩- (৪৫) তারিখঃ ২০/০৮/২০২৩ খ্রিঃ।

**"সভার নোটিশ "**

আগামী ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা- ১০.৩০ ঘটিকার সময় উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব কৃষ্ণপদ ঘোষ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

20.08.2023
রুনু সাহা
উপজেলা নির্বাহী অফিসার,
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

প্রাপক :- ১। মেয়র, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
২। উপজেলা-.....................................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
৩। চেয়ারম্যান, ..........................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।
৪। জনাব ..........................................................................................................................

অনুলিপি:
১। জেলা প্রশাসক, নড়াইল। সদয় অবগতির জন্য।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। সদয় অবগতির জন্য।
৩। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৪। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৩- (৪৫) তারিখ: ২০/০৮/২০২৩ খ্রিঃ।

**"সভার নোটিশ"**

আগামী ২৩/০৮/২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১.৩০ ঘটিকার সময় আগস্ট/২০২৩ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি সভা উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪। বিবিধ।

20.08.2023
রুনু সাহা
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক : ১। মেয়র, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
২। উপজেলা-.. ...............................................অফিসার,কালিয়া, নড়াইল।
৩। চেয়ারম্যান, .........................................................ইউনিয়ন পরষদ, কালিয়া, নড়াইল।
৩। জনাব..................................................................................., কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ : ২৩/০৮/২০২৩ খ্রিঃ।
সময় : বেলা-১১.৩০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি : কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বলেন যে, গণতন্ত্রের মানসকন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও দিকনির্দেশনায় নিজেস্ব অর্থায়নে স্বপ্নের পদ্মা সেতুর মত বৃহৎ অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গঠনে নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। এ সকল কার্যক্রম বাস্তবায়ন উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ পর্যায়ে তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০১। সভায় বিগত ২৪/০৭/২০২৩ খ্রি. মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপির প্রথম কিস্তির বরাদ্দা পাওয়াগেছে। পাঁচগ্রাম ইউনিয়নের চেয়ারম্যান বলেন পেড়লীস্থান থেকে যাদবপুর রাস্তাটি চওড়া কম থাকায় এলাকার লোকজনের যাতায়তে অনেক অসুবিধা হচ্ছে। উক্ত রাস্তাটি চওড়া করার প্রয়োজনীয় ব্যবস্থ্যা গ্রহনের অনুরোধ করার পরিপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী বলেন অত্র উপজেলার সকল ইউনিয়নের যে সকল রাস্তা গুলো চওড়া কম আছে সে সকল রাস্তা চওড়া কার্যক্রম পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, চলমান ২০২৩-২০২৪ অর্থ বছরের শুরুতে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ স্থানগুলো বাছাই করে উন্নয়ন মূলক প্রকল্পের তালিকা প্রস্তত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় ফরেষ্টারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হলো। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুউপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় আবশ্যিকভাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, উপজেলার অন্তর্গত যে সকল ইউনিয়ন রয়েছে উক্ত ইউনিয়নের ২ কিলোমিটার দৈর্ঘ্যের কম রাস্তাগুলো উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিস হতে উন্নয়ন করা হয়। উক্ত প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে এইচবিবি দ্বারা রাস্তা উন্নয়ন করা হয়েছে। তিনি বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন বরাদ্দ প্রাপ্তির পর প্রকল্প গ্রহণ কাজ শুরু হবে। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দসমূহের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে এবং শতভাগ স্বচ্ছতার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, এই বৎসর বাংলাদেশের সোনালী আঁশের ফসল পাটের ভালো ফলন হয়েছে। কৃষকরা তার দপ্তর হতে প্রনোদনা কার্যক্রমের আওতায় বিভিন্ন ফসলের সার, বীজ ও প্রশিক্ষণ পেয়ে থাকে। তিনি আরো বলেন বর্তমান সরকার ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি সরবরাহ করছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার কৃষকদের মাঝে সকল কৃষি উপকরণ প্রদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় আবশ্যিকভাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলার পাঁচগ্রাম ইউনিয়নে পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় উপজেলা নির্বাহী অফিসার বলেন কালিয়া উপাজেলার বিভিন্ন ইউনিয়নের মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। যে সকল ইউনিয়নের মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হয়নি পর্যায়ক্রমে সে সকল ইউনিয়নের মুক্ত জলাশয়ে পোনা অবমুক্ত কার্যক্রম সম্পন্ন করা হবে। পাশাপাশি আগামী সভায় আবশ্যিকভাবে উপজেলা মৎস্য অফিসারকে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | সভায় যে সকল ইউনিয়নে মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হয়নি তাদের তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, বারই পাড়া কাঞ্চনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালিয়া, নড়াইল পরিদর্শনকালে ২টি বিদ্যালয়ের মধ্যে বারইপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন-১(দ্বিতল) ও ভবন-২(টিনসেড) পরিত্যাক্ত ও জরাজীর্ণ থাকায় পাঠদান কার্যক্রম চালানোর অনুপযোগী। ইতোমধ্যে বিদ্যালয়টি পুনঃ নির্মাণ কাজ শুরু হয়েছে মর্মে জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বারই পাড়া কাঞ্চনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালিয়া, নড়াইল বিদ্যালয়টি পুনঃ নির্মাণ কাজ গুনগত মান সঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন বরাদ্দ প্রাপ্তির পর কাজ শুরু হবে। পাশাপাশি ২০২৩-২০২৪ অর্থ বছরের শুরুতেই প্রতিটি ইউনিয়নের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন যে সকল ভাতাভোগী লাইফ ভেরিফিকেশন করেন নাই তাদের নির্দিষ্ট সময়ের মধ্য লাইফ ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। যদি কোন ভাতাভোগীর মোবাইল নম্বর পরিবর্তন করার প্রয়োজন হয় তবে তাকে স্বশরীরে উপস্থিত হয়ে নম্বর পরিবর্তন করতে হবে। অন্যথায় নম্বর পরিবর্তন করতে হলে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানের প্রত্যয়ন আনতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নের ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করাসহ ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে যুব আত্নকর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া যারা যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের ঋণ প্রদান করা হচ্ছে। ঋণ গ্রহীতারা যাতে আত্নকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে সে বিষয়ে মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রেখেছেন। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ভিজিডি চক্র ভিজিডির চাল বিতরণ কার্যক্রম শুরু হবে। প্রতিটি ভিজিডি কার্ডের জন্য ২২০/- (দুইশত বিশ) টাকা করে জমা প্রদান করতে হবে। পাশাপাশি মা ও শিশু সহায়তা কার্যক্রম চালু হয়েছে। মা ও শিশু কার্যক্রম প্রতি মাসের ২০ তারিখের মধ্যে সমাপ্ত করার জন্য প্রতিটি ইউনিয়ন চেয়ারম্যানদের অনুরোধ করেন। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে ভিজিডির চাল বিতরনসহ ভিজিডি কার্ডের জন্য নির্ধারিত ফি এবং মা ও শিশু সহয়তা কার্যক্রম প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য প্রতিটি ইউনিয়ন চেয়ারম্যান এবং উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান- ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩৫০ টি গভীর নলকূপের টেন্ডার কার্যক্রম সমাপ্ত হয়েছে। তার দপ্তরের আর্সেনিক প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান উপজেলা পর্যায়ে যে সকল আশ্রয়ন প্রকল্প রয়েছে উক্ত প্রকল্প সমূহে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য গভীর নলকূপ স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত বিষয়গুলি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এবং দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, সমগ্র বাংলাদেশের ন্যায় কালিয়া উপজেলাতেও ভোটার হালনাগাদ কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন জাতীয় নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকায় কোন সংশোধনী থাকলে নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ দাখিল পূর্বক সংশোধন করা যাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম যথাযথভাবে এবং আসন্ন জাতীয় নির্বাচনের ভোটকেন্দ্রের তালিকা সংক্রান্ত সকল বিষয় সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা প্রানিসম্পদ অফিস | উপজেলা প্রানিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান খামারিদের স্বাস্থ্য বিধি মেনে খামারের পশুদের পরিচর্চা করার প্রয়োজনীয় পরামর্শ, চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান যে, তার দপ্তর হতে বিভিন্ন সময়ে উদ্যোক্তাদের বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা গ্রহণ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরেও উক্ত প্রশিক্ষণ কর্মশালা গ্রহণ করা হবে বলে সভাকে অবহিত করেন। | সভার পক্ষ হতে দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল সভায় জানান যে, কালিয়া উপজেলার অর্ন্তভুক্ত সরকারি হাট-বাজার এর ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা প্রদান সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে। হাট-বাজারের ইজারা প্রদানের ক্ষেত্রে সরকারি নীতিমালা যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | সরকারি হাট-বাজার সমূহের ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ অনুযায়ী ১৪৩০ বাংলা সনের জন্য ইজারাকৃত হাট-বাজার হতে প্রাপ্ত আয় বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল সভায় জানান যে, উপজেলা তথ্য কেন্দ্র কালিয়া, নড়াইল অফিসটি উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারে অবস্থিত ছিল। কিন্তু গেজেটেড কর্মকর্তাদের থাকার জায়গা সংকুলান না হওয়ায় অফিসটির চলমান প্রকল্প "ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প(২য় পর্যায়)" এর কাজ যথাযথভাবে পরিচালনার নিমিত্ত অফিসটি উপজেলা পরিষদ (পুরাতন) ভবনে স্থানান্তর করা প্রয়োজন। সেক্ষেত্রে উপজেলা মহিলা বিষয়কের কার্যালয়ের বরাদ্দকৃত ৫(পাঁচ)টি কক্ষ হতে ১(এক)টি কক্ষ এবং উপজেলা প্রশাসনের বরাদ্দকৃত কক্ষ হতে ১(এক)টি কক্ষ সর্বমোট ২(দুই)টি কক্ষ উপজেলা তথ্য কেন্দ্র, কালিয়াকে বরাদ্দ প্রদানের প্রস্তাব রাখেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে "ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প(২য় পর্যায়)" প্রকল্পটির মেয়াদকালীন সময় পর্যন্ত উপজেলা মহিলা বিষয়কের কার্যালয়ের বরাদ্দকৃত ৫(পাঁচ)টি কক্ষ হতে ১(এক)টি কক্ষ এবং উপজেলা প্রশাসনের বরাদ্দকৃত কক্ষ হতে ১(এক)টি কক্ষ সর্বমোট ২(দুই)টি কক্ষ উপজেলা তথ্য কেন্দ্র, কালিয়াকে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কৃষ্ণপদ ঘোষ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৩- ৬৯৪/১ (৫০)

তারিখ: ২৩/০৮/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।
৮। উপজেলা ....................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,.......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

23.08.2023
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা:
মাসের নাম: আগস্ট /২০২৩ তাং ২৩/০৮/২০২৩ খ্রি.।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, ১নং বাবরা হাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০২। | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৩। | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৪। | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৫। | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৬। | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৭। | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৮। | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৯। | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১০। | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১১। | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১২। | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৩। | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৪। | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ

মাসের নামঃ আগস্ট/২০২৩ তাং-২৩/০৮/২০২৩ খ্রি.।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল | |
| ০৩ | সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল | ২৩/৮/২৩ |
| ০৪ | মেয়র, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল | |
| ০৫ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল | |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল | |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | |
| ০৮ | উপজেলা কৃষি কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | ২৩/০৮/২৩ |
| ০৯ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | ২৩/৮/২৩ |
| ১০ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | |
| ১১ | অফিসার ইনচার্জ, কালিয়া থানা, কালিয়া, নড়াইল। | |
| ১২ | অফিসার ইনচার্জ, নড়াগাতী থানা, কালিয়া, নড়াইল। | |
| ১৩ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | ২৩/০৮/২৩ |
| ১৪ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | Rana. ২৩/৮/২৩ |
| ১৫ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | 23.08.23 |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | Ashafi ২৩/৮/২৩ |

| | | |
|---|---|---|
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | |
| ১৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | [signature] 23/08/23 |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | [signature] ২৩।০৮।২৩ |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | [signature] |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | [signature] ২৩।০৮।২৩ |
| ২২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | |
| ২৩ | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | [signature] 23.08.23 |
| ২৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | [signature] ২৩।০৮।২৩ |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | [signature] ২৩।০৮।২৩ |
| ২৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | [signature] ২৩।০৮।২০২৩ |
| ২৮ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | |
| ২৯ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল । | |
| ৩০ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | |
| ৩১ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল | |
| ৩২ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া | |
| ৩৩ | তথ্য কর্মকর্ত, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল | |